



পাটওয়ারীর ওপর হামলার প্রতিবাদে রাজধানীতে এনসিপির বিক্ষোভ



সংগৃহীত ছবি

বিনাইদহে এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর হামলার ঘটনার প্রতিবাদে রাজধানীতে বিক্ষোভ মিছিল করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। আজ (২২ মে) শুক্রবার বিকেলে জাতীয় প্রেসক্লাবের সামনে থেকে মিছিল শুরু হয়। এতে দলের মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়াসহ কেন্দ্রীয় নেতারা অংশ নেন। এনসিপির অভিযোগ, বিএনপি, ছাত্রদল ও যুবদলের কিছু নেতাকর্মী এ হামলার সঙ্গে জড়িত। এর আগে বিনাইদহ পুরাতন কালেক্টরেট মসজিদের সামনে ডিম নিক্ষেপ ও হামলার ঘটনা ঘটে। জুমার নামাজ শেষে বের হওয়ার সময় নাসীরুদ্দীন পাটওয়ারীর সঙ্গে কথা বলতে গেলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। এক পর্যায়ে ডিম ছোড়া ও ধস্তাধর্তিতে অন্তত ছয়জন আহত হন। ঘটনার পর এনসিপি নেতাকর্মীরা এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে বিক্ষোভে নামেন। নাসীরুদ্দীন পাটওয়ারী অভিযোগ করেন, আইনমঞ্জীর ঘনিষ্ঠ ও বিনাইদহ বিএনপির সভাপতির অনুসারীরা এ হামলার সঙ্গে যুক্ত। তিনি ঘটনার দ্রুত তদন্ত ও দোষীদের শাস্তি দাবি করেন এবং আইনমঞ্জীর পদত্যাগের আহ্বান জানান।